


স্বাধীনতার মহানায়ক, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর স্মৃতির প্রতি জানাই গভীর শ্রদ্ধা। শ্রদ্ধা জ্ঞাপন করছি ১৫ই আগস্ট শহীদ বঙ্গবন্ধু পরিবারের সদস্য, শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি, যাঁদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের সোনালী স্বাধীনতা।

বিয়াম ফাউন্ডেশন বাংলাদেশ সিভিল সার্ভিস অ্যাডমিনিস্ট্রেশন ক্যাডারের একটি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান মানবসম্পদ উন্নয়নের পাশাপাশি বিভিন্ন গবেষণাধর্মী কাজেও নিয়োজিত রয়েছে। সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত মানোন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য বিয়াম বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে এবং পাশাপাশি নিজস্ব উদ্যোগে বিভিন্ন বিষয়ে বুনিয়াদি ও স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনা করে থাকে।

ঢাকার প্রাণকেন্দ্রে অবস্থিত এ প্রতিষ্ঠানে মানসম্মত প্রশিক্ষণের পাশাপাশি বিভিন্ন ধরনের সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপেরও আয়োজন করা হয়ে থাকে। বিয়াম ফাউন্ডেশন স্মার্ট বাংলাদেশ, এজেন্ডা ২০৩০, ভিশন ২০৪১, ২০৭১ এবং ডেল্টাপ্ল্যান ২১০০ বাস্তবায়নে নিরলসভাবে কাজ করছে।

মেধাবী জাতি গঠনের লক্ষ্যে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার প্রয়াসে স্থানীয় প্রশাসনের সহায়তায় সম্মানিত জেলা প্রশাসকগণের নেতৃত্বে এ প্রতিষ্ঠান সমগ্র দেশে জেলা ও উপজেলা পর্যায়ে ইংরেজী ও বাংলা মাধ্যমে ৪৪টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করে আসছে। এ সংখ্যা সময়ের সাথে সাথে ক্রমবর্ধমান।

বিয়াম ফাউন্ডেশনের সার্বিক কার্যক্রম পুরো দেশব্যাপী কার্যকরভাবে পরিচালনার জন্য কক্সবাজার ও বগুড়ায় দু'টি আঞ্চলিক কেন্দ্রও বিদ্যমান এবং সমান তৎপরতায় ভূমিকা পালন করছে। সার্বিকভাবে, একটি স্বোপার্জিত প্রতিষ্ঠান হিসেবে বিয়ামের কার্যপরিধি ও অবদানের ক্ষেত্র উত্তরোত্তর প্রসারিত হোক এবং এর নানামুখী কর্মতৎপরতা বজায় রাখার মাধ্যমে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় অধিকতর কার্যকর ও দক্ষ মানবসম্পদ গঠনের এ অভিযাত্রা অব্যাহত রাখুক, এই শুভকামনা ব্যক্ত করছি। বিয়াম পরিচালনায় সকলের সার্বিক সহায়তার প্রত্যাশা রইল।

  
মোঃ মাহবুব-উল-আলম  
মহাপরিচালক  
বিয়াম ফাউন্ডেশন